

## Model Activity Task 2022 January

### Class 5| Bengali | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২১| জানুয়ারী

পঞ্চম শ্রেণী | বাংলা | পার্ট -১ |

পূর্ণমান- ২০

#### ১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ 'গল্পবুড়ো' কবিতায় গল্পবুড়ো এসেছেন -

(ক) শরৎকালে (খ) শীতকালে (গ) বর্ষাকালে (ঘ) গ্রীষ্মকালে

১.২ 'দেখবি যদি জলদি আয়।' - 'জলদি' শব্দের অর্থ -

(ক) ভোরবেলায় (খ) তাড়াতাড়ি (গ) ছুটে (ঘ) ঘুম থেকে উঠে

১.৩ 'প্রখর প্রত্যুষে।' - 'প্রখর' শব্দের অর্থ -

(ক) কনকনে (খ) অসহ্য (গ) তীব্র (ঘ) আরামদায়ক

#### ২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :

২.১ গল্পবুড়োর তল্লিটি কোথায় রয়েছে?

উত্তরঃ গল্পবুড়োর তল্লিটি তার কাঁধে রয়েছে।

২.২ গল্পবুড়োর ঝোলায় কোন্ পাহাড়ের গল্প আছে?

উত্তরঃ গল্পবুড়োর ঝোলায় কড়ির পাহাড়ের গল্প আছে।

২.৩ 'এই থলেতে বন্দিনি।' - থলেতে কে 'বন্দিনি' অবস্থান আছে?

উত্তরঃ গল্প বুড়োর থলিতে কেশবতী নন্দিনী বন্দিনি অবস্থায় রয়েছে।

#### ৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ গল্পবুড়ো দিনের কোন্ সময়ে গল্প শোনাতে আসেন?

উত্তরঃ গল্পবুড়ো শীতকালের ভোরবেলাতে গল্প শোনাতে আসেন।

৩.২ গল্পবুড়োর মুখে ব্যথা হয়েছে কেন?

উত্তরঃ চাঁচিয়ে চাঁচিয়ে ছোটদের গল্প শোনার জন্য ডাকতে ডাকতে গল্পবুড়োর মুখে ব্যথা হয়েছে

৩.৩ 'বলব নাকো রূপকথা।' - গল্পবুড়ো কাদের রূপকথা শোনাতে না?

উত্তরঃ যারা গল্পবুড়োর ডাক শুনেও বিছানা ছেড়ে উঠবে না ও গল্প শুনতে উপস্থিত হবে না তাদের গল্পবুড়ো রূপকথার গল্প শোনাবে না।

#### ৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো :

**গল্পবুড়োর ঝোলায় কী কী ধরনের গল্প রয়েছে তা কবিতা থেকে প্রাসঙ্গিক উদ্ধৃতিসহ আলোচনা করো।**

উত্তরঃ কবি সুনির্মল বসুর লেখা গল্পবুড়ো কবিতায় বর্ণিত গল্পবুড়ো শীতকালের কনকনে ঠাণ্ডা ভোরবেলায় তার গল্পের ঝুলি নিয়ে হাজির হয়। তার ঝোলায় থাকে নানা রকমের রূপকথার কাল্পনিক চরিত্র ও ঘটনার বর্ণনা। যেমন-

" দৈত্য , দানব, যক্ষীরাজ

রাজপুতুর, পক্ষীরাজ"

- এছাড়া কেশবতী কন্যা থেকে শুরু করে সার সার কড়ির পাহাড়, চোখ ধাধানো হীরে মানিক, ঝলমলে সোনার কাঠি, রূপার কাঠি, তেপান্তরের মাঠ, হট্টমেলার হাট সব কিছুই রয়েছে তার গল্পের ঝুলিতে।